

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।

রেজিস্ট্রার ডাকবোণে

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.১৬-৩১৬

তারিখঃ ২১ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, আপনি জনাব মোঃ সামচুল হক খান, পিতা- মৃত মিনহাজ উদ্দিন খান, সাং- সন্ডুপুর, ডাকঘর- বেড়া, উপজেলা- বেড়া, জেলা- পাবনা, বেড়া পৌরসভার ০৪নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে বেড়া থানার মামলা নম্বর-১৮, তারিখ: ২৭/০৮/২০১৫ (চার্জশিট নম্বর-৫৩, তারিখ- ২২/০৩/২০১৬), মামলা নম্বর-১৭, তারিখ: ৩১/০৮/২০১৫ (চার্জশিট নম্বর-৫২ ও ৫২(ক), তারিখ-২২/০৩/২০১৬), এবং মামলা নং- ২৩, তারিখ: ৩১/০৮/২০১৫ (চার্জশিট নম্বর-৫৪, তারিখ-২২/০৩/২০১৬) নং মামলায় অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক পৌরসভার মেয়র অথবা কাউন্সিলরের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার বিধান রয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি জনাব মোঃ সামচুল হক খান, ০৪নং ওয়ার্ড কাউন্সিলর, বেড়া পৌরসভা, পাবনা'কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
০৪/০৪/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপ সচিব

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.১৬-৩১৬/২(৮)

তারিখঃ ২১ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ১) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
- ২) জেলা প্রশাসক, পাবনা।
- ৩) উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।
- ৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬) মেয়র, বেড়া পৌরসভা, পাবনা।
- ৭) জনাব মোঃ সামচুল হক খান, ০৪নং ওয়ার্ড কাউন্সিলর(সাময়িকভাবে বরখাস্তকৃত), বেড়া পৌরসভা, পাবনা।
- ৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
০৪/০৪/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপ সচিব